

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভা (ফেব্রুয়ারি) এর কার্যবিবরণী

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার

পরিচালক (এমআইএম)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ও

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ১৬ মার্চ, ২০২২ দুপুর: ১২.০০

স্থান : মিনি কনফারেন্স রুম (৮ম তলা)

হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম, আইসিটি সরঞ্জামাদি, বিবিধ বিষয়াদিসহ আলোচনার জন্য আজকের সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি সকলের মতামত আহ্বান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	ফেব্রুয়ারি মাসের সার্বিক অগ্রগতি ও ফেব্রুয়ারি মাসের কাজের পরিকল্পনা	আলোচনা সভার শুরুতে ফেব্রুয়ারি মাসের প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম নিয়ে প্রোগ্রাম ম্যানেজার PowerPoint Presentation এর মাধ্যমে উপস্থাপন	মাসিক আলোচনা সভায় আলোচিত মার্চ মাসের কর্ম পরিকল্পনা সমূহ বাস্তবায়ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার এবং সকল কর্মকর্তাবৃন্দ

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		করেন। মার্চ মাসের কাজের পরিকল্পনা প্রণয়ন এবং সেই মোতাবেক কর্মকান্ড সমূহ বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।		
২।	ত্রৈমাসিক অগ্রগতি সভা	প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে আলোচনার নিমিত্তে আসন্ন এপ্রিল মাসে ত্রৈমাসিক অগ্রগতি সভা আয়োজন নিয়ে আলোচনা করা হয়।	আসন্ন এপ্রিল মাসের প্রথম সপ্তাহে ত্রৈমাসিক অগ্রগতি সভার আয়োজন করতে হবে। এই সভায় এলজিইডি হতে প্রতিনিধি উপস্থিত থাকবেন।	উপপ্রকল্প সমন্বয়ক (আইসিটি), প্রোগ্রাম ম্যানেজার ও ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার
৩।	ল্যাপটপ, কম্পিউটার ক্রয়	কম্পিউটার সামগ্রী ক্রয়ের জন্য RFQ পদ্ধতি অনুমোদিত হয়েছে। এই পদ্ধতিতে জরুরি ভিত্তিতে কম্পিউটার সামগ্রী ক্রয় করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। - টেন্ডার ৭ কার্যদিবসের মধ্যে প্রস্তুত হতে হবে ক্রয় পদ্ধতিঃ RFQ	উপপ্রকল্প সমন্বয়ক (ICT), প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিষ্ট
৪।	প্রকল্পের জন্য যানবাহন অধিগ্রহণ	ডিডিএম কর্তৃপক্ষ গাড়ি সংক্রান্ত বিষয়ে এলজিইডিকে একটি অনুস্মারক দেওয়া নিয়ে আলোচনা হয়।	ডিডিএম কর্তৃপক্ষ হতে প্রকল্পের জন্য যানবাহন অধিগ্রহণ নিয়ে এলজিইডিকে অনুস্মারক দেয়া হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (GIS/RM)
৫।	PROVATi3 ওয়েবসাইট চালুকরণ	মার্চ মাসে আইসিটি বিশেষজ্ঞ যোগদানের পর ওয়েবসাইট সংক্রান্ত বিষয়াদি সমাধান নিয়ে আলোচনা হয়। প্রকল্পের বিষয়বস্তু আপলোড করা	মাসিক সমন্বয় সভায় ওয়েবসাইট নিয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-	আইসিটি স্পেশালিষ্ট ও কমিউনিকেশন অফিসার

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		শেষ হলে, একটি ওয়েবসাইট লক্ষিৎ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। ওয়েবসাইট প্রাথমিকভাবে মাসিক সমন্বয় সভায় প্রদর্শন করা হয় এবং সকলের মতামত গ্রহন করা হয়।	ক। সরকারি ওয়েবসাইটের সাথে সামঞ্জস্য রেখে হোমপেজে ডিডিএম এর নাম প্রদর্শিত হবে। খ। প্রকল্পের কার্যাবলী এবং অগ্রগতি নিয়ে ভিডিও, ছবি গ্যালারি, নোটিশ বোর্ড ট্যাব চালু করতে হবে। গ। প্রকল্প এলাকার মানচিত্র ওয়েবসাইট পেজে প্রদর্শন করতে হবে ঘ। প্রকল্পের মূল লক্ষ্যের সাথে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) এর সামঞ্জস্যতা তুলে ধরতে হবে।	
৬।	প্রভাতী প্রকল্পের সুবিধাভোগীদের তালিকা প্রদানের জন্য এলজিইডি কে পত্র প্রেরণ	প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাঠপর্যায়ের কার্যক্রম যেমন Baseline Study, Voice Message Dissemination সহ যাবতীয় কার্যক্রমে প্রভাতী প্রকল্পের অন্তর্গত সুবিধাভোগীদের তালিকা (beneficiary list) জরুরী ভিত্তিতে প্রয়োজন। এই তালিকা প্রদান করার জন্য এলজিইডিকে পত্র প্রেরণ করা নিয়ে আলোচনা হয়।	প্রকল্পের সুবিধাভোগীদের তালিকা (beneficiary list) প্রদান করার জন্য এলজিইডিকে পত্র প্রেরণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৭।	প্রকল্প কর্মকর্তাদের নিয়ে হোয়াটসঅ্যাপ গ্রুপ চালুকরণ	প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর গুরুত্বপূর্ণ বিষয় দ্রুত নিষ্পত্তির জন্য সকল কর্মকর্তাদের নিয়ে হোয়াটসঅ্যাপে একটি সাধারণ গ্রুপ খোলা নিয়ে আলোচনা হয়।	প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর সকল কর্মকর্তাদের নিয়ে একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খুলতে হবে।	কমিউনিকেশন অফিসার
৮।	প্রকল্প এলাকার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের জন্য দিক নির্দেশনা প্রণয়ন	গাইবান্ধা, কুড়িগ্রাম এবং জামালপুর জেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের প্রভাতী প্রকল্পের বিবিধ বিষয়াদি নিয়ে দিক নির্দেশনা প্রদান নিয়ে আলোচনা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের জন্য দিক নির্দেশনা প্রণয়ন করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার
৯।	টেলিফোন লাইন প্রণয়ন	প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর জন্য একটি পৃথক টেলিফোন লাইন চালু করা নিয়ে আলোচনা হয়।	প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট এর জন্য একটি পৃথক টেলিফোন লাইন চালু করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (GIS/RM) ও ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার

০৩। অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি আজকের সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১.

তারিখ: ২০-০৩-২০২২ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০২। উপ-প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০৩। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS/ RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।

০৫। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)

ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট